



মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
(প্রতিষ্ঠাতা: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.০৭.০১০.১৬.০৪৯(৬৪)

তারিখঃ ২০/০৭/২০১৯খ্রিঃ

পরিচালক/উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন

..... বিভাগীয়/জেলা কার্যালয়।

বিষয়ঃ স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস
২০১৯ পালন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত অনুষ্ঠান কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১৬.০১.০০০০.০০৫.০৩.০৪৮.৯৬.-৩৪০৭; তারিখঃ ২৩/০৭/২০১৯

উপর্যুক্ত বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয় বিভাগের প্রেরিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৯ পালন উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম(৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে নিম্নোক্ত অনুষ্ঠান বাস্তবায়ন করতে হবে-


১. প্রতিটি দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা, মডেল ও সাধারণ রিসোর্স সেন্টার এবং সকল শিক্ষা কেন্দ্রে সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ব্যবস্থা করতে হবে। ইতোপূর্বে প্রত্যেক কেন্দ্রে জাতীয় পতাকা প্রদান করা হয়েছে।
২. ১৫ আগস্ট ২০১৯ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস উপলক্ষে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে প্রতিটি দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় এবং কেন্দ্রের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে প্রতি ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে সকাল ০৮.০০টা থেকে ০৯.০০টার মধ্যে মিলাদ, কিয়াম, দোয়া মাহফিল ও তবারক বিতরণের ব্যবস্থা করতে হবে।
৩. উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সকাল ৮-৯টার মধ্যে মিলাদ, কিয়াম, দোয়া-মাহফিল ও তবারক বিতরণ সম্পন্ন করতে হবে।
৪. প্রতিটি ইউনিয়ন পর্যায়ে ১৮/০৮/২০১৯খ্রিঃ তারিখে মডেল মসজিদের স্থান/উপজেলা কমপ্লেক্স/মডেল রিসোর্স সেন্টার /দারুল আরকাম মাদ্রাসার যে কোন স্থানে(মডেল মসজিদের স্থান অগ্রাধিকার দিতে হবে) সংশ্লিষ্ট শিক্ষা কেন্দ্র ও দারুল আরকাম মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীর অংশগ্রহণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কর্ম সম্পর্কে আলোচনা, ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠান, হামদ-নাত, ইসলামী গজল, কিরাত প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ০৭ই মার্চের ভাষণ, উপস্থিত বক্তৃতা এবং ছবি অংকন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। অনুষ্ঠান শেষে মিলাদ, কিয়াম, দোয়া ও মোনাজাত করতে হবে।
৫. জাতীয় শোক দিবসে মিলাদ ও দোয়ার তবারক ত্রয় বাবদ শিক্ষা কেন্দ্র প্রতি ২০০/- টাকা, দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা প্রতি ১০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হল। শিক্ষা কেন্দ্র প্রতি বরাদ্দকৃত ২০০/-টাকা শিক্ষকের সম্মানী-ভাতার সাথে ব্যাংক একাউন্টে পরিশোধ করতে হবে। প্রকল্পের বার্ষিক বিভিন্ন দিবস পালন ও অনুষ্ঠানের ব্যয় খাত থেকে উক্ত টাকা নির্বাহ করতে হবে। প্রতিটি শিক্ষা কেন্দ্রে দোয়া, মোনাজাত ও তবারকের ব্যবস্থা করতে হবে। দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় অনুষ্ঠানের জন্য ব্যানার তৈরী, আলোচনা অনুষ্ঠান, মিলাদ, দোয়া ও তবারকের ব্যবস্থা করতে হবে।

প্রেক্ষিতে, উপরোক্ত নির্দেশনার আলোকে অনুষ্ঠান বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ অনুষ্ঠানের একটি প্রতিবেদন আগামী ২০/০৮/২০১৮ইং তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

পরিচালক/উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন

..... বিভাগীয়/জেলা কার্যালয়


(ফারুক আহম্মেদ)

প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ফোনঃ ০২-৮১৮১৫৫৪